বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নম্বর- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২৬-**৪৫০**

তারিখ: ১০ কার্তিক, ১৪৩৩ / ২৬ অক্টোবর, ২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের আলিম শ্রেণির (আলিম পরীক্ষা-২০২৭) রেজিস্ট্রেশন কার্যক্রম হতে বাদপড়া শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় অনলাইন রেজিস্ট্রেশনের সময় বর্ধিতকরণ প্রসঙ্গে।

এতদ্দারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাজিল/কামিল পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত যেসব আলিম শ্রেণির (আলিম পরীক্ষা-২০২৭) রেজিস্ট্রেশন কার্যক্রম থেকে বাদ পড়েছে, তাদের রেজিস্ট্রেশনের সুযোগ বিশেষ বিবেচনায় নির্দেশক্রমে বর্ধিত করা হলো। উক্ত বাদপড়া শিক্ষার্থীদের মাদ্রাসার মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

অনলাইনে ফি জমাদান ও e-SIF Submission-এর সময়সূচি নিম্নরূপ:

ক্রম	বিবরণ	বর্ধিত সময়সীমা
(ক)	অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা (বিলম্ব ফিসহ)	**০১/১১/২০২৬ খ্রি. থেকে ১৫/১১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত**
(খ)	**e-SIF**-এ তথ্য এন্ট্রির সর্বশেষ তারিখ	**১৬/১১/২০২৬ খ্রি. তারিখ**
(গ)	**পূরণকৃত e-SIF Final Submission-এর** সর্বশেষ তারিখ	**১৭/১১/২০২৬ খ্রি. তারিখ**

২। **ফি প্রদান ও eSIF পূরণ**: যে কোন ব্রাউজার হতে সরাসরি www.ebmeb.gov.bd-তে প্রবেশ করে প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করতে হবে। অত:পর পেমেন্ট অপশনে ক্লিক করে শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি দিয়ে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে নির্ধারিত ফি (আলিম শ্রেণির নিয়মিত শিক্ষার্থীর রেজিস্ট্রেশনসহ অন্যান্য ফি ৬৮৫/-টাকা এবং অনিয়মিত শিক্ষার্থীর ক্ষেত্রে পাঠ বিরতি ফি ১৫০/- টাকাসহ ৮৩৫/- টাকা) প্রদান করতে হবে। নির্ধারিত ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রির অপশন পাওয়া যাবে এবং সতর্কতার সাথে নতুন এন্ট্রিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৩। উল্লেখ্য, বিলম্ব ফি পরিশোধের মাধ্যমে শুধুমাত্র নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে। পূর্বে এন্ট্রি করা শিক্ষার্থীর কোনো তথ্য এডিট/ডিলিট করার সুযোগ থাকবে না। পূর্বে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইনে বিভাগ, বিষয় ও ছবি সংশোধন প্রক্রিয়া চলমান রয়েছে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর কোনো অবস্থাতেই বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সুযোগ দেওয়া হবে না। নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন না হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

বি:দ্র: শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯ মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।

২৬/১০/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন অনুমোদিত সংশ্লিষ্ট সকল মাদ্রাসা।

স্মারক নম্বর- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২৬-**৪৫০ (৭)**

তারিখ: ১০ কার্তিক, ১৪৩৩ / ২৬ অক্টোবর, ২০২৬

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, বিএমইবি শাখা, ঢাকা (সোনালী পেমেন্ট গেটওয়ে সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২. সিনিয়র পরামর্শক/প্রোগ্রামার, কম্পিউটার সেন্টার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল আঞ্চলিক কার্যালয়;
৬. পি ও টু চেয়ারম্যান (সহকারী প্রোগ্রামার), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. অফিস কপি।

২৬/১০/২৬

মোঃ জিয়াউর রহমান
উপ-রেজিস্ট্রার (কমন)
ফোন: ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইল: dradmin@bmeb.gov.bd